মডেল প্রশ্ন–৩

সময়- ২ ঘণ্টা ৩০ মিনিট | বিষয় : বাংলা | পূর্ণমান- ১০০

☐ নিচের অনুচ্ছেদটি পড়ে ১, ২, ৩, ৪, ৫ ও ৬নং ক্রমিকের প্রশ্নগুলোর উত্তর লেখ :

পৃথিবীতে বড় বড় চিড়িয়াখানায় গেলে বোঝা যায় প্রাণিজগৎ কত বিচিত্র। পোষা ও বুনো প্রাণীদের মধ্যে এমন সব প্রাণী রয়েছে, যারা কেবল দেখতেই অদ্ভুত নয়, আচার-আচরণেও বিস্ময়কর। প্রাণিজগতে বিস্ময় সৃষ্টি করেছে এমন জীবজন্তুর সংখ্যা দিন দিন কমে আসছে। বাংলাদেশে কিছু কিছু জীবজন্তু প্রায় বিলুপ্ত হয়ে গেছে। এদের মধ্যে রয়েছে গন্ডার, বুনো গরু, বুনো মোষ প্রভৃতি। মূলত নির্বিচারে শিকার, প্রাকৃতিক বিপর্যয়, বনাঞ্চলে মানুষের অনুপ্রবেশ প্রভৃতি কারণে বাংলাদেশ থেকে বিলুপ্ত হওয়া প্রাণীদের মধ্যে আরও আছে মিঠা পানির কুমির, রাজ শকুন, সোনালি বিড়াল, হনুমান প্রভৃতি। এমনকি সুন্দরবনে রয়্যাল বেঙ্গল টাইগারও এখন সংখ্যায় কমে গেছে। জীববৈচিত্র্য রক্ষার জন্য এসব প্রাণী বাঁচিয়ে রাখা আমাদের কর্তব্য। কারণ এগুলো প্রকৃতির দান এবং প্রকৃতিরই অংশ। এগুলোকে ধ্বংস করলে প্রাকৃতিক নিয়মকেই ধ্বংস করা হয়।

১. সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ : ১ × ১০ = ১০

i. উপরের অনুচ্ছেদটি মূলত যে বিষয় নিয়ে লেখা তা হলো–
ক অদ্ভুত প্রাণী খ বিলুপ্ত প্রাণী
গ শিকারি প্রাণী ঘ পোষা প্রাণী

ii. যে কারণে প্রাণীদের রক্ষা করা উচিত–
ক নির্মল পরিবেশের জন্য
খ জীববৈচিত্র্যের জন্য
গ অর্থ উপার্জনের জন্য
ঘ চিড়িয়াখানায় রাখার প্রয়োজন

iii. অদ্ভুত শব্দটির 'দ্ভু' যুক্তবর্ণটিতে আছে–
ক দ্ + ব + উ-কার (ু)
খ দ + ভ + উ-কার (ু)
গ ভ্ + দ + উ-কার (ু)
ঘ ভ্ + ব + উ-কার (ু)

iv. প্রাণিজগতের জীবজন্তুর সংখ্যা কমে যাওয়ার কারণ–
ক খাদ্যের অভাব খ নির্বিচারে শিকার
গ অনুপোযোগী পরিবেশ ঘ চিড়িয়াখানায় বন্দি

v. কোনটি বিলুপ্ত প্রাণী?
ক রাজ শকুন খ হরিণ
গ গাধা ঘ কাঠবিড়ালি

vi. প্রাণিজগতে বিস্ময় সৃষ্টিকারী প্রাণীর সংখ্যা দিন দিন কী হচ্ছে?
ক মরে যাচ্ছে খ বিলুপ্ত হচ্ছে
গ সংখ্যায় বাড়ছে ঘ কমে আসছে

vii. প্রাণিজগৎ ধ্বংসে করা কিসের সমতুল্য?
ক প্রাকৃতিক খ প্রাকৃতিক নিয়ম ধ্বংসে
গ অনুকূল পরিবেশ ঘ প্রতিকূল পরিবেশ

viii. নিচের কোনটি প্রকৃতির দান?
ক হাসপাতাল, স্কুল খ নদী, ঘর
গ প্রাণী, বৃক্ষলতা ঘ নদী, রাস্তাঘাট

ix. প্রাণীদের বাঁচিয়ে রাখা কর্তব্য কেন?
ক অভয়ারণ্য সৃষ্টিতে
খ জীববৈচিত্র্য রক্ষায়
গ জীববৈচিত্র্য ধ্বংস করতে
ঘ জীববৈচিত্র্য বৃদ্ধিতে

x. রয়্যাল বেঙ্গল টাইগারের সাথে কোন নামটি জড়িত?
ক সুন্দরবন খ ভাওয়ালগড়
গ শালবন ঘ ঝাউবন

২. নিচে কয়েকটি শব্দ ও শব্দার্থ দেওয়া হলো। নিচের বাক্যগুলোর শূন্যস্থানের উপযুক্ত শব্দটি উত্তর পত্রে লেখ : ১ × ৫ = ৫

শব্দ	শব্দার্থ
বিচিত্র	নানারূপে চিত্রিত
বিস্ময়কর	আশ্চর্য/চমৎকৃত ভাব
বিলুপ্ত	বিলীন
নির্বিচারে	অন্যায়ভাবে
বিপর্যয়	বিশৃঙ্খল অবস্থা
অনুপ্রবেশ	ভেতরে প্রবেশ

ক) বনপ্রাণী এখন —— হতে চলেছে।
খ) —— গাছ কাটায় পরিবেশ হুমকির সম্মুখীন হচ্ছে।
গ) অনুমতি ছাড়া বড় কর্তার রুমে —— নিষেধ।
ঘ) কার্বন ডাই-অক্সাইড বেড়ে যাওয়ায় পরিবেশ —— সম্মুখীন।
ঙ) বাংলাদেশের প্রকৃতি ——।

৩. নিচের যুক্তবর্ণগুলো কোন কোন বর্ণ দিয়ে তৈরি তা লেখ এবং প্রদত্ত যুক্তবর্ণ দিয়ে একটি করে শব্দ লেখ :
ন্দ, প্র, স্তু, জ্ঞ, ণ্ড ১ × ৫ = ৫

৪. নিচের কোনটি কোন পদ লেখ : ১ × ৫ = ৫
চিড়িয়াখানা, অদ্ভুত, এদের, এবং, হয়।

৫. নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ : ৫ × ৪ = ২০
ক) প্রাণিজগতের জীবজন্তুর সংখ্যা কমে যাওয়ার কারণ কী? বুঝিয়ে লেখ।
খ) জীববৈচিত্র্য রক্ষার ৫টি উপায় লেখ।
গ) প্রাণীদের বাঁচিয়ে রাখা উচিত কেন? ৫টি বাক্যে লেখ।
ঘ) সুন্দরবনের রয়্যাল বেঙ্গল টাইগারের সংখ্যা কমে যাওয়ার কারণ ব্যাখ্যা কর।

৬. মনে কর তোমার নাম সুমনা। গ্রীষ্মের ছুটিতে চিড়িয়াখানা দেখার আগ্রহ জানিয়ে তোমার মামাতো বোন শিমুকে একটি চিঠি লেখ। ৫

☐ **নিচের অনুচ্ছেদ পড়ে ৭, ৮, ৯ ও ১০নং ক্রমিকের প্রশ্নগুলোর উত্তর দাও :**

অতিকায় শরীর ছিল তার। গর্জনে বনের সব শান্তিকে নষ্ট করে সে বনের রাজা হতে চাইলো। ক্ষুদ্র এবং নিরীহ প্রাণীর ওপর শুরু হলো অত্যাচার। হাতির এমন অত্যাচারে বনের সব প্রাণী শঙ্কিত এবং অতিষ্ঠ হয়ে উঠলো। মানুষ তখন একটু একটু করে সভ্য হচ্ছে। তাই বনের রাজত্ব যাদের হাতে তাদেরই সমাধান খুঁজতে হবে। অবশেষে বনের সবচেয়ে চালাক প্রাণীর ওপর পড়লো দুষ্টু হাতিকে শিক্ষা দেয়ার দায়িত্ব।

৭. সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ : ১ × ৫ = ৫

i. অতিকায় শরীর কোন প্রাণীর?
ক মানুষ খ শেয়াল গ ভালুক ঘ হাতি

ii. কে বনের রাজা হতে চাইলো?
ক সিংহ খ বাঘ গ শেয়াল ঘ হাতি

iii. বনের রাজত্ব ছিল কাদের হাতে?
ক পশুদের হাতে খ পাখিদের হাতে
গ মানুষের হাতে ঘ হাতিদের হাতে

iv. বনের সবচেয়ে চালাক প্রাণী কে?
ক হাতি খ শেয়াল গ পিঁপড়া ঘ মানুষ

v. দুষ্টু হাতি কার কাছে শিক্ষা পেল?
ক শেয়ালের হাতে খ মানুষের হাতে
গ হরিণের হাতে ঘ বানরের হাতে

৮. নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ : ১ + ২ + ২ = ৫
ক) কে বনের রাজা হতে চেয়েছিল?
খ) বনের পশুরা সবাই শঙ্কিত হলো কেন?
গ) হাতিটা কীভাবে মরল? বুঝিয়ে লেখ।

৯. প্রদত্ত শব্দগুলোর অর্থ লেখ :
অতিকায়, ক্ষুদ্র, শঙ্কিত, অতিষ্ট, সভ্য।

১০. প্রদত্ত অনুচ্ছেদটির মূলভাব লেখ : ৫

১১. নিচের বাক্যগুলো (প্রদত্ত ভুল শব্দটি) শুদ্ধ করে লেখ : ১ × ৫ = ৫
ক. মাটির তৈরি শিল্পকর্মকে মৃতশিল্প বলে।
খ. মামার বাড়ি রসের হাড়ি।
গ. নাগরদোলা ক্যাচর ক্যাচর শব্দ করে।
ঘ. বাংলাদেশ উৎসব ও পার্বনের দেশ।
ঙ. পরিস্কার এঁটেল মাটি দিয়ে টেপা পুতুল তৈরি হয়।

অথবা, প্রদত্ত অনুচ্ছেদে বিরামচিহ্ন বসাও :
বাবার দেশের বাড়ি বিক্রমপুরের রাঢ়িখাল গ্রামে ছেলেটির জন্ম কিন্তু ময়মনসিংহে ১৮৫৮ সালের ৩০শে নভেম্বর ওর পড়াশোনার হাতেখড়ি হয়েছিল বাড়িতেই তারপর প্রাথমিক স্কুলে এবং ময়মনসিংহ জিলা স্কুলে শিক্ষার ধাপ পার হলে সে ভর্তি হয় কলকাতায়

১২. এককথায় প্রকাশ কর : ১ × ৫ = ৫
জল দেখে আতঙ্ক, জানার ইচ্ছা, জল পানের ইচ্ছা, অণু দেখার যন্ত্র, লবণের মতো স্বাদ।

অথবা, নিচে দাগ দেওয়া শব্দগুলোর বিপরীত শব্দ লিখে বাক্যগুলো পুনরায় লেখ :
ক) অংকটি অত্যান্ত সরল।
খ) তার সুনাম দিকে দিকে ছড়িয়ে পড়ল।
গ) কাউকে ঘৃণা করা উচিত নয়।
ঘ) ফলগুলো অনেক মিষ্টি। ঙ) ছেলেটি বুদ্ধিমান।

১৩. ক) কবিতার চরণগুলো সাজিয়ে লেখ : ২
বাংলা আমার মায়ের ভাষা
মনের কথা কই/ আমার ভাইয়ের রক্তে লেখা
শহিদ ছেলের দান/মায়ের মুখের মধুর ভাষায়
ফেব্রুয়ারির গান
খ) কবিতার অংশটুকু কোন কবিতার অংশ? ১
গ) কবিতাটির কবির নাম লেখ? ১
ঘ) ফেব্রুয়ারি এলে সবাই জেগে ওঠে কেন? ১

১৪. বিদ্যালয় লাইব্রেরির কার্ড পাওয়ার জন্য নিচের ফরমটি পূরণ কর। ৫

১৫. ২০০ শব্দের মধ্যে নিচের যেকোনো একটি বিষয় অবলম্বনে রচনা লেখ। ১০

ক. অধ্যবসায় /*সংকেত : ভূমিকা, অধ্যবসায় কী, অধ্যবসায়ের প্রয়োজনীয়তা, অধ্যবসায় ও ছাত্রজীবন, অধ্যবসায় ও প্রতিভা, অধ্যবসায় ও মানব সভ্যতা, অধ্যবসায়ের দৃষ্টান্ত, অধ্যবসায়হীনের অবস্থা, উপসংহার।*/

খ. বৈশাখী মেলা /*সংকেত : ভূমিকা, মেলার স্থান ও নামের প্রকৃতি, বৈশাখী মেলা/পহেলা বৈশাখ, মেলার দৃশ্য, মেলায় প্রাপ্ত জিনিসপত্র, বৈশাখী মেলার গুরুত্ব ও অপকারিতা, উপসংহার।*/

গ. নায়াগ্রা জলপ্রপাত /*সংকেত : ভূমিকা, অবস্থান, জলপ্রপাত, বিশেষত্ব, বৈশিষ্ট্য, উপসংহার*/

ঘ. স্বাধীনতা দিবস /*সংকেত : সূচনা, ঐতিহাসিক পটভূমি, স্বাধীনতা দিবস, জাতীয় চেতনায় স্বাধীনতা দিবস, উপসংহার।*/